⦿ **ইলেকট্রিক মাছ :** গভীর সমুদ্রে ভারিট্রাটা উপপর্বের অন্তর্গত টর্পেডো (Torpedo) মাছ নিজের দেহে প্রায় 50-60 ভোল্টযুক্ত ইলেকট্রিক কারেন্ট উৎপন্ন করতে পারে। কারেন্টের সাহায্যে এরা সিকারকে অসাড় করে দেয়।

⦿ **অক্টোপাস :** মোলাস্কা পর্বের প্রাণী পদগুলি রূপান্তরিত হয়ে 8-10টি চোষক সমন্বিত বাহু তৈরি করে। এদের কালি নিঃসরণ গ্রন্থি আছে, যার সাহায্যে শিকারি চোখে ধুলো দেয়। বৃষ্টিমান প্রাণী। অতীত মনে রাখার ক্ষমতা আছে বলে মনে করা হয়।

⦿ **ললিগো :** মোলাস্কা পর্বের অন্তর্গত প্রাণী। একে সমুদ্র তীর (sea-arrow) বা স্কুইড (squid) বলা হয়। অস্তঃস্থ খোলক আছে। আত্মরক্ষার জন্য কালিগ্রন্থি থাকে।

⦿ **লাইকেন :** ছত্রাক ও শৈবালের মিথোজীবীয় সম্পর্কের মাধ্যমে গঠিত বিশেষ থ্যালোফাইট। লাইকেনে শৈবাল ও ছত্রাক সহাবস্থান করে এবং পরস্পরের সহায়তায় পুষ্টিসাধন করে।

⦿ **Giant sequoia :** সবথেকে বড়ো বাস্তুবীজী উদ্ভিদ হল sequoia। কনিফার চিরহরিৎ ধরনের উদ্ভিদ। একে Red wood tree বলা হয়। গড় উচ্চতা (164-279) ft, পরিধি প্রায় 15-20 ft।



⦿ **পায়রার দুধ :** পায়রার গ্রাসনালি রূপে পরিণত হয়েছে। রূপ-এর মধ্যে অবস্থিত গ্রন্থি থেকে দুধের মতো পদার্থ নির্গত হয়। যা বাচ্চাদের খাওয়ানোর কাজে ব্যবহৃত হয়।

⦿ **শীতলরক্তযুক্ত প্রাণী (Poikilothermic animal) :** পরিবেশের তাপমাত্রার পরিবর্তনের সঙ্গে সঙ্গে যেসব প্রাণীর দেহের তাপমাত্রাও পরিবর্তিত হয় অর্থাৎ পরিবেশের তাপমাত্রা বাড়লে বা কমলে তাদের দেহের তাপমাত্রা বাড়ে বা কমে।

C সত্য না মিথ্যা নিরূপণ করো

প্রশ্ন

উত্তর

1. কর্ডাটা পর্বভুক্ত প্রাণীদের ভূণাবস্থায় বা সারাজীবনকাল ধরে নোটোকর্ড থাকে।	সত্য
2. হাঙর সাইক্লোস্টোমাটা শ্রেণির অন্তর্ভুক্ত প্রাণী।	মিথ্যা [হাঙর কনড্রিকথিস শ্রেণির অন্তর্ভুক্ত প্রাণী]
3. ন্যাথোস্টোমাটা অধিশ্রেণিভুক্ত প্রাণীদের মুখে চোয়াল থাকে না।	মিথ্যা [অ্যাগানাথা অধিশ্রেণিভুক্ত প্রাণীদের মুখে চোয়াল থাকে না]
4. পায়রার অগ্রপদ ডানায় বৃপাস্তুরিত হয়।	সত্য
5. রেচন জীবদেহের একপ্রকার উপচিতি বিপাক।	মিথ্যা [রেচন জীবদেহের একপ্রকার অপচিতি বিপাক]
6. জীবদেহের স্বেচ্ছায় সামগ্রিক স্থান পরিবর্তনকে গমন বলে।	সত্য
7. প্রোটিস্টা রাজ্যভুক্ত জীবেরা উপনিবেশ গঠনকারী এবং ইউক্যারিওটিক কোশযুক্ত হয়।	সত্য
8. ছত্রাকের কোশপ্রাচীর সেলুলোজ নির্মিত হয়।	মিথ্যা [ছত্রাকের কোশপ্রাচীর কাইটিন নির্মিত]
9. স্পঞ্জের কোশে কোশপ্রাচীর থাকে না এবং বড়ো ভ্যাকুওলও অনুপস্থিত।	সত্য
10. পাইনাস একপ্রকার ফার্নজাতীয় উদ্ভিদ।	মিথ্যা [পাইনাস একপ্রকার ব্যক্তবীজী উদ্ভিদ]
11. গুপ্তবীজী উদ্ভিদের সস্য ট্রিপ্লয়েড প্রকৃতির হয়।	সত্য
12. ভূট্টা একপ্রকার একবীজপত্রী উদ্ভিদ।	সত্য
13. ফিতাকৃমি টিনোফোরা পর্বভুক্ত প্রাণী।	মিথ্যা [ফিতাকৃমি প্লাটিহেলমিনথিস পর্বভুক্ত প্রাণী]
14. তারামাছের দেহে জলসংবহনতন্ত্র উপস্থিত।	সত্য
15. কোম্বপ্লেট টিনোফোরা পর্বের প্রাণীদের দেখা যায়।	সত্য
16. প্যারাপোডিয়া কেঁচোর গমন অঙ্গ।	মিথ্যা [কেঁচোর গমন অঙ্গ সিটি]
17. ইউরোকর্ডাটার উদাহরণ অ্যাসিডিয়া।	সত্য
18. প্লাকয়েড আঁশ কই মাছের দেহে দেখা যায়।	মিথ্যা [প্লাকয়েড আঁশ হাঙর-এ দেখা যায়]
19. কোম্বপ্লেট এর সংখ্যা আটটি।	সত্য
20. মনেরা রাজ্যের অন্তর্গত জীবদের কোশপ্রাচীরে কাইটিন উপস্থিত।	মিথ্যা [কোশপ্রাচীরে পেপটাইডোগ্লাইক্যান থাকে]
21. প্রোটিস্টা রাজ্যের অন্তর্গত সমস্ত প্রাণীরাই এককোশী।	সত্য
22. শৈবালের দেহে কলাতন্ত্র অনুপস্থিত।	সত্য
23. ব্যক্তবীজী উদ্ভিদের সস্য নিষেকের পূর্বে গঠিত হয়।	সত্য

প্রশ্ন

উত্তর

24. দ্বিবীজপত্রী উদ্ভিদের সস্য ডিপ্লয়েড (2n) প্রকৃতির।	মিথ্যা [দ্বিবীজপত্রী উদ্ভিদের সস্য ট্রিপ্লয়েড (3n) প্রকৃতির]
25. হেমিকর্ডাটা কর্ডাটার অন্তর্গত।	মিথ্যা [হেমিকর্ডাটা নন-কর্ডাটার অন্তর্গত]
26. 'প্রোটিন্টা' নামক রাজ্য সৃষ্টি করেন হেকেল।	সত্য
27. প্রথম সৃষ্টি জেনেটিক বস্তু RNA।	সত্য
28. পরিফেরা পর্বের প্রাণীদের বহিঃকঙ্কাল কাইটিন নির্মিত।	সত্য
29. মস ও ফার্নের পুংগ্যামেটকে অ্যানথেরোজয়েড বলে।	সত্য
30. চোয়ালহীন প্রাণী হল হ্যাগফিশ।	সত্য
31. নিম্যাটোডা পর্বের প্রাণীদের রক্ত সংবহন তন্ত্র অনুপস্থিত।	সত্য
32. ন্যাথোস্টোমাটা অধিশ্রেণির প্রাণী হল ল্যামপ্রে।	মিথ্যা [ন্যাথোস্টোমাটা অধিশ্রেণির প্রাণী হল গিনিপিগ]
33. ব্যক্তবীজীতে গর্ভাশয় না থাকায় ফল গঠিত হয় না।	সত্য
34. সংকোচনশীল গহুরের সাহায্যে কেঁচো রেচন পদার্থ ত্যাগ করে।	মিথ্যা [অ্যামিবা সংকোচনশীল গহুরের সাহায্যে রেচন পদার্থ ত্যাগ করে]
35. হাইড্রাতে কোয়ানোসাইট কোশ থাকে।	মিথ্যা [স্পঞ্জ কোয়ানোসাইট কোশ দেখা যায়]
36. নার্ভকর্ড কর্ডাটার একটি বৈশিষ্ট্য।	মিথ্যা [পৃষ্ঠদেশীয় ফাঁপা নার্ভকর্ড কর্ডাটার একটি বৈশিষ্ট্য]
37. টিনোফোরা পর্বের প্রাণীদের কলোব্লাস্ট কোশ থাকে।	সত্য
38. সিউডোসিলোমযুক্ত প্রাণীর উদাহরণ হল স্পঞ্জ।	মিথ্যা [সিউডোসিলোমযুক্ত প্রাণীর উদাহরণ হল গোলকুমি]
39. স্ত্রী ক্যাণ্ডাবুর উদরের অক্ষীয়তলে বর্তমান থলিকে বলে মারসুপিয়াম।	সত্য
40. সরীসৃপ শ্রেণির প্রাণীদের দেহত্বক শুষ্ক ও এপিডারমাল অংশ দ্বারা আচ্ছাদিত।	সত্য

D A স্তম্ভের সঙ্গে B স্তম্ভ মেলাও

1.	A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1.	ম্যান্টল পর্দা	A. টিনোফোরা	1-B
2.	কোয়ানোসাইট কোশ	B. মোলাস্কা	2-E
3.	কোলোব্লাস্ট কোশ	C. নিডারিয়া	3-A
4.	নিডোব্লাস্ট কোশ	D. নিম্যাটোডা	4-C
		E. পরিফেরা	

2.	A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1.	নালিকাতন্ত্র	A. হেমিকর্ডাটা	1-C
2.	কোষশ্মেট	B. একাইনোডার্মাটা	2-D
3.	নালিপদ	C. পরিফেরা	3-B
4.	প্রোবোসিস	D. নিম্যাটোডা	4-A
		E. টিনোফোরা	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. অ্যাগনাথা	A. টর্পেডো	1-D
2. সাইক্লোস্টোমাটা	B. ইউরোকর্ডাটা	2-E
3. কনড্রিকথিস	C. মলগিউলা	3-A
4. অ্যাসিডিয়া	D. ল্যামপ্রে	4-B
	E. মিস্কিন	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. কেঁচো	A. <i>Cavia porcellus</i>	1-E
2. হাঙর	B. <i>Calotes versicolor</i>	2-D
3. গিরগিটি	C. <i>Columba livia</i>	3-B
4. গিনিপিগ	D. <i>Scoliodon sorrakowah</i>	4-A
	E. <i>Pheretima posthuma</i>	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. পোগোনেটাম	A. জিমনোস্পার্ম	1-D
2. স্পাইরোগাইরা	B. অ্যানজিওস্পার্ম	2-C
3. ড্রায়োপটেরিস	C. অ্যালগি	3-E
4. নিটাম	D. ব্রায়োফাইটা	4-A
	E. টেরিডোফাইটা	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. কোশপ্রাচীর সেলুলোজ নির্মিত	A. প্রোটিস্টা	1-C
2. কোশপ্রাচীর সেলুলোজ নির্মিত	B. মনেরা	2-D
3. কোশপ্রাচীর পেপটাইডোগ্লাইক্যান নির্মিত	C. প্লানটি	3-B
4. উপনিবেশ গঠনকারী এককোশী প্রাণী	D. ফানজি	4-A
	E. অ্যানিমালিয়া	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. নিমটোডা	A. ব্যালানোগ্রাসাস	1-E
2. প্লাটিহেলমিনথিস	B. মশা	2-D
3. আর্থ্রোপোডা	C. অক্টোপাস	3-B
4. হেমিকর্ডাটা	D. ফিতাকুমি	4-A
	E. হুককুমি	

A স্তম্ভ	B স্তম্ভ	উত্তর
1. সেফালোকর্ডাটা	A. টিউনিকেটা	1-E
2. ইউরোকর্ডাটা	B. হাঙর	2-A
3. প্লাকয়েড আঁশ	C. বুই	3-B
4. টিনয়েড আঁশ	D. কই	4-D
	E. আক্রেনিয়া	

E

নীচে সম্পর্কযুক্ত একটি শব্দ জোড় দেওয়া আছে। প্রথম জোড়টির সম্পর্ক বুঝে দ্বিতীয় জোড়টির শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসায়।

প্রশ্ন

উত্তর

1. ভলভর : থ্যালোফাইটা :: রিকসিয়া : _____।

ব্রায়োফাইটা

ব্যাখ্যা : ভলভর থ্যালোফাইটা ও রিকসিয়া ব্রায়োফাইটার অন্তর্ভুক্ত।

2. *Zea mays* : গুপ্তবীজী :: সাইকাস পেকটিনাটা : _____।

ব্যস্তবীজী

ব্যাখ্যা : *Zea mays* (ভুট্টা) গুপ্তবীজী এবং সাইকাস পেকটিনাটা হল ব্যস্তবীজী উদ্ভিদ।

3. মেসোগ্লিয়া : নিডারিয়া :: স্পঞ্জিন তন্তু : _____।

পরিফেরা

ব্যাখ্যা : মেসোগ্লিয়া নিডারিয়ার এবং স্পঞ্জিন তন্তু পরিফেরার বৈশিষ্ট্য।

4. কোম্প্রেন্ট : টিনোফোরা :: গ্রন্থিযুক্ত মিউকাস : _____।

সাইক্লোস্টোমাটা

ব্যাখ্যা : কোম্প্রেন্ট টিনোফোরার এবং গ্রন্থিযুক্ত মিউকাস সাইক্লোস্টোমাটার বৈশিষ্ট্য।

প্রশ্ন

উত্তর

5. হর্মিফোরা : টিনোফোরা :: অ্যাসিডিয়া : _____ ।

ইউরোকর্ডাটা

ব্যাখ্যা : হর্মিফোরা টিনোফোরা পর্ব এবং অ্যাসিডিয়া ইউরোকর্ডাটা উপপর্বভুক্ত।

6. নেফ্রিডিয়া : রেচন অঙ্গ :: সিটা : _____ ।

গমনাঙ্গ

ব্যাখ্যা : নিডারিয়া পর্বভুক্ত প্রাণীর রেচন অঙ্গ নেফ্রিডিয়া এবং গমনাঙ্গ সিটা।

7. মাংসল পদ : মোলাস্কা :: নালিপদ : _____ ।

একাইনোডার্মাটা

ব্যাখ্যা : মোলাস্কার গমন অঙ্গ মাংসল পদ এবং একাইনোডার্মটার গমন অঙ্গ নালিপদ।

8. উভচর উদ্ভিদ : *Riccia discolor* :: উভচর প্রাণী _____ ।

Rana tigrina

ব্যাখ্যা : উভচর উদ্ভিদ হল *Riccia discolor* এবং উভচর প্রাণী *Rana grina*।

9. সমান্তরাল শিরাবিন্যাস : একবীজপত্রী উদ্ভিদ :: জালিকাকার শিরাবিন্যাস : _____ ।

দ্বিবীজপত্রী উদ্ভিদ

ব্যাখ্যা : পাতায় সমান্তরাল শিরাবিন্যাস একবীজপত্রী উদ্ভিদের এবং জালিকাকার শিরাবিন্যাস দ্বিবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য।

10. অন্তঃকঙ্কাল অস্থিনির্মিত : অসটিকথিস :: অন্তঃকঙ্কাল তরুণাস্থি নির্মিত : _____ ।

কনড্রিকথিস

ব্যাখ্যা : অসটিকথিসের অন্তঃকঙ্কাল অস্থিনির্মিত এবং কনড্রিকথিসের অন্তঃকঙ্কাল তরুণাস্থিনির্মিত।

11. ব্যাঙ : উভচর :: কুমির : _____ ।

সরীসৃপ

ব্যাখ্যা : ব্যাঙ উভচর প্রাণী কিন্তু কুমির সরীসৃপ প্রাণী।

12. চুননির্মিত শক্ত খোলক : মোলাস্কা :: চুননির্মিত কাঁটা : _____ ।

একাইনোডার্মাটা

ব্যাখ্যা : চুননির্মিত শক্ত খোলক মোলাস্কার বৈশিষ্ট্য এবং চুননির্মিত কাঁটা একাইনোডার্মটার বৈশিষ্ট্য।

13. চোয়াল উপস্থিত : ন্যাথোস্টোমাটা :: চোয়াল অনুপস্থিত : _____ ।

অ্যাগনাথা

ব্যাখ্যা : অ্যাগনাথার চোয়াল থাকে না কিন্তু ন্যাথোস্টোমাটার চোয়াল থাকে।

14. কোষপ্লেট : টিনোফোরা :: অ্যান্থুল্যাক্রা : _____ ।

একাইনোডার্মাটা

ব্যাখ্যা : কোষপ্লেট টিনোফোরার এবং অ্যান্থুল্যাক্রা একাইনোডার্মটার বৈশিষ্ট্য।

15. নোটোকর্ড : কর্ডাটা :: স্টোমোকর্ড : _____ ।

হেমিকর্ডাটা

ব্যাখ্যা : নোটোকর্ড কর্ডাটার এবং স্টোমোকর্ড হেমিকর্ডাটার বৈশিষ্ট্য।

16. দেহ আগুবীক্ষণিক প্লাকয়েড আঁশ দ্বারা আবৃত : কনড্রিকথিস :: দেহ বীক্ষণিক আঁশ দ্বারা আচ্ছাদিত : _____ ।

অসটিকথিস

ব্যাখ্যা : কনড্রিকথিস শ্রেণির প্রাণীর দেহে আগুবীক্ষণিক প্লাকয়েড আঁশ দেখা যায়। অসটিকথিস শ্রেণির প্রাণীর দেহে বীক্ষণিক সাইক্লয়েড, টিনয়েড বা গ্যানয়েড আঁশ উপস্থিত।

প্রশ্ন

উত্তর

17. হেটারোসারকাল লেজ : কনড্রিকথিস :: হোমোসারকাল লেজ : _____ ।

অসটিকথিস

ব্যাখ্যা : কনড্রিকথিস শ্রেণির প্রাণীর লেজ হেটারোসারকাল প্রকৃতির, অসটিকথিস শ্রেণির প্রাণীর লেজ হোমোসারকাল প্রকৃতির।

18. নালিকাতন্ত্র : পরিফেরা :: নালিকাপদ : _____ ।

একাইনোডার্মাটা

ব্যাখ্যা : নালিকাতন্ত্র পরিফেরার বৈশিষ্ট্য এবং নালিকাপদ একাইনোডার্মাটার বৈশিষ্ট্য।

19. সমুদ্র শশা : একাইনোডার্মাটা :: জেঁক : _____ ।

অ্যানিলিডা

ব্যাখ্যা : সমুদ্র শশা একাইনোডার্মাটা পর্বভূক্ত এবং জেঁক অ্যানিলিডা পর্বভূক্ত।

20. দেহ আংটির মতো খণ্ডক নিয়ে গঠিত : কেঁচো :: দেহ চ্যাপটা পাতা বা ফিতের মতো : _____ ।

ফিতাকৃমি

ব্যাখ্যা : কেঁচোর দেহ আংটির মতো খণ্ডক নিয়ে গঠিত এবং ফিতাকৃমির দেহ চ্যাপটা পাতা বা ফিতের মতো।

21. কেঁচো : ট্রিপ্লোরাস্টিক :: হাইড্রা : _____ ।

ডিপ্লোরাস্টিক

ব্যাখ্যা : কেঁচোর দেহ ট্রিপ্লোরাস্টিক অর্থাৎ তিনটি কলাস্তর নিয়ে গঠিত। হাইড্রার দেহ দুটি ডিপ্লোরাস্টিক অর্থাৎ দুটি কলাস্তর নিয়ে গঠিত।

22. ফ্রেম কোশ : প্লাটিহেলমিনথিস :: নেফ্রিডিয়া : _____ ।

অ্যানিলিডা

ব্যাখ্যা : প্লাটিহেলমিনথিস পর্বের প্রাণীদের রেচন অঙ্গ ফ্রেমকোশ। অ্যানিলিডা পর্বের প্রাণীদের রেচন অঙ্গ নেফ্রিডিয়া।

23. টিউব ফিট : তারামাছ :: ক্ষণপদ : _____ ।

অ্যামিবা

ব্যাখ্যা : তারামাছের গমন অঙ্গ টিউবফিট বা নালিপদ। অ্যামিবার গমন অঙ্গ ক্ষণপদ।

24. জলসংবহনতন্ত্র : _____ :: নালিকাতন্ত্র : স্পঞ্জ।

তারামাছ

ব্যাখ্যা : তারামাছের জলসংবহন তন্ত্র আছে। স্পঞ্জের নালিকাতন্ত্র আছে।

F বিসদৃশ শব্দটি বেছে লেখো

প্রশ্ন

উত্তর

1. পরিফেরা, রেপ্টিলিয়া, নিডারিয়া, টিনোফেরা।

রেপ্টিলিয়া

ব্যাখ্যা : পরিফেরা, নিডারিয়া এবং টিনোফেরা অকর্ডাটা পর্বভূক্ত। কিন্তু রেপ্টিলিয়া কর্ডাটা পর্বভূক্ত।

2. হেমিকর্ডাটা, ইউরোকর্ডাটা, সেফালোকর্ডাটা, ভার্টিব্রাটা।

হেমিকর্ডাটা

ব্যাখ্যা : ইউরোকর্ডাটা, সেফালোকর্ডাটা ও ভার্টিব্রাটা কর্ডাটা পর্বভূক্ত কিন্তু হেমিকর্ডাটা অকর্ডাটা পর্বভূক্ত।

প্রশ্ন

উত্তর

3. অস্টিয়া, স্পিকিউল, কোয়ানোসাইট কোশ, ল্যাসোকোশ।	<p>ল্যাসোকোশ ব্যাখ্যাঃ অস্টিয়া, স্পিকিউল এবং কোয়ানোসাইট কোশ পরিফেরা পর্বের বৈশিষ্ট্য কিন্তু ল্যাসোকোশ টিনোফেরা পর্বের বৈশিষ্ট্য।</p>
4. কোষপ্লেট, কোলোব্লাস্ট কোশ, নিডোব্লাস্ট কোশ মেসেনকাইম স্তর।	<p>নিডোব্লাস্ট কোশ ব্যাখ্যাঃ কোষপ্লেট, কোলোব্লাস্ট কোশ, মেসেনকাইম স্তর টিনোফেরা পর্বের বৈশিষ্ট্য হলেও নিডোব্লাস্ট কোশ নিডারিয়া পর্বের বৈশিষ্ট্য।</p>
5. মেসোগ্লিয়া, গ্যাসট্রোভ্যাসকুলার গহ্বর, নিডোব্লাস্ট কোশ, মেটামিয়ার।	<p>মেটামিয়ার ব্যাখ্যাঃ মেসোগ্লিয়া, গ্যাসট্রোভ্যাসকুলার গহ্বর এবং নিডোব্লাস্ট নিডারিয়া পর্বের বৈশিষ্ট্য কিন্তু মেটামিয়ার অ্যানিলিডা পর্বের বৈশিষ্ট্য।</p>
6. অ্যাম্ফিবিয়া, রেপ্টিলিয়া, নিডারিয়া, ম্যামেলিয়া।	<p>নিডারিয়া ব্যাখ্যাঃ অ্যাম্ফিবিয়া, রেপ্টিলিয়া এবং ম্যামেলিয়া কর্ডাটা পর্বভুক্ত। কিন্তু নিডারিয়া অকর্ডাটা পর্বভুক্ত।</p>
7. নোটোকর্ড, স্টেমোকর্ড, প্রোবোসিস, কলার।	<p>নোটোকর্ড ব্যাখ্যাঃ স্টেমোকর্ড, প্রোবোসিস ও কলার হেমিকর্ডাটার বৈশিষ্ট্য কিন্তু নোটোকর্ড কর্ডাটার বৈশিষ্ট্য।</p>
8. ম্যান্টল পর্দা, মাংসল পদ, মেটানোফ্রিডিয়া, পোডিয়া।	<p>পোডিয়া ব্যাখ্যাঃ ম্যান্টলপর্দা, মাংসল পদ ও মেটানোফ্রিডিয়া মোলাস্কা পর্বের বৈশিষ্ট্য কিন্তু পোডিয়া একাইনোডার্মাটা পর্বের বৈশিষ্ট্য।</p>
9. নোটোকর্ড, নার্ভকর্ড, স্টেমোকর্ড, গলবিলীয় ফুলকা ছিদ্র।	<p>স্টেমোকর্ড ব্যাখ্যাঃ নোটোকর্ড, নার্ভকর্ড ও গলবিলীয় ফুলকা ছিদ্র কর্ডাটার বৈশিষ্ট্য কিন্তু স্টেমোকর্ড হেমিকর্ডাটার বৈশিষ্ট্য।</p>
10. ন্যাথোস্টোমাটা, কনড্রিকথিস, অসটিকথিস, অ্যাম্ফিবিয়া।	<p>ন্যাথোস্টোমাটা ব্যাখ্যাঃ কনড্রিকথিস, অসটিকথিস, অ্যাম্ফিবিয়া হল শ্রেণি কিন্তু ন্যাথোস্টোমাটা হল অধিশ্রেণি।</p>
11. স্যাপিনডেলিস, অ্যানাকার্ডিয়াসি, ডাইকটিলেডনি, হোমিনিডি।	<p>হোমিনিডি ব্যাখ্যাঃ ডাইকটিলেডনি, স্যাপিনডেলিস ও অ্যানাকার্ডিয়াসি হল যথাক্রমে আমের শ্রেণি, বর্গ এবং গোত্র কিন্তু হোমিনিডি হল মানুষের গোত্র।</p>
12. মনেরা, প্রোটিস্টা, প্লানটি, লাইকেন।	<p>লাইকেন ব্যাখ্যাঃ মনেরা, প্রোটিস্টা ও প্লানটি হল পাঁচ রাজ্য শ্রেণিবিন্যাস-এর তিনটি রাজ্য কিন্তু লাইকেন নয়।</p>
13. রাইজয়েড, কলিড, ফাইলিড, রাইজোম।	<p>রাইজোম ব্যাখ্যাঃ রাইজয়েড, কলিড ও ফাইলিড হল ব্রায়োফাইটার বৈশিষ্ট্য কিন্তু রাইজোম ব্রায়োফাইটার বৈশিষ্ট্য নয়।</p>
14. শাখাহীন কাণ্ড, সমান্তরাল শিরাবিন্যাস, বিষমপৃষ্ঠপাতা, অস্থানিক মূল।	<p>বিষমপৃষ্ঠ পাতা ব্যাখ্যাঃ শাখাহীন কাণ্ড, সমান্তরাল শিরাবিন্যাস এবং অস্থানিক মূল একবীজপত্রীর বৈশিষ্ট্য কিন্তু বিষমপৃষ্ঠ পাতা দ্বিবীজপত্রীর বৈশিষ্ট্য।</p>

প্রশ্ন

উত্তর

15. পাইনাস, নিটাম, সাইকাস, সাইলোটাম।	সাইলোটাম ব্যাখ্যা: পাইনাস, সাইকাস ও নিটাম হল ব্যক্তবীজী উদ্ভিদ কিন্তু সাইলোটাম ব্যক্তবীজী নয়।
16. থ্যালোফাইটা, ব্রায়োফাইটা, ফাংগি, টেরিডোফাইটা।	ফাংগি ব্যাখ্যা: থ্যালোফাইটা, ব্রায়োফাইটা এবং টেরিডোফাইটা প্রতিটি প্লানটির রাজ্যভুক্ত কিন্তু ফাংগি হল ফাংগি রাজ্যভুক্ত।
17. স্তনগ্রন্থি, বায়ুথলি, কর্ণছত্র, লোম।	বায়ুথলি ব্যাখ্যা: স্তনগ্রন্থি, কর্ণছত্র ও লোম স্তন্যপায়ী শ্রেণির বৈশিষ্ট্য, বায়ুথলি পক্ষী শ্রেণির বৈশিষ্ট্য।
18. পটকা, বায়ুথলি, পালক, বায়ুপূর্ণ অস্থি।	পটকা ব্যাখ্যা: বায়ুথলি, পালক ও বায়ুপূর্ণ অস্থি পক্ষী বা অ্যান্ডিস শ্রেণির বৈশিষ্ট্য কিন্তু পটকা মাছের বৈশিষ্ট্য।
19. প্লাকয়েড, সাইক্রয়েড, টিনয়েড, গ্যানয়েড।	প্লাকয়েড ব্যাখ্যা: সাইক্রয়েড, টিনয়েড ও গ্যানয়েড আঁশ অসটিকথিস শ্রেণির বৈশিষ্ট্য কিন্তু প্লাকয়েড আঁশ কনড্রিকথিস শ্রেণির বৈশিষ্ট্য।
20. পোডিয়া, অ্যান্থুল্যাক্রা, অসিকল, মেটাসোম।	মেটাসোম ব্যাখ্যা: পোডিয়া, অ্যান্থুল্যাক্রা ও অসিকল একাইনোডার্মটার বৈশিষ্ট্য কিন্তু মেটাসোম হেমিকর্ডটার বৈশিষ্ট্য।
21. রিকসিয়া, পোগোনেটাম, ফিউনেরিয়া, লাইকোপোডিয়াম।	লাইকোপোডিয়াম ব্যাখ্যা: রিকসিয়া, পোগোনেটাম ও ফিউনেরিয়া হল ব্রায়োটোফাইটা উদাহরণ কিন্তু লাইকোপোডিয়াম টেরিডোফাইটার উদাহরণ।
22. লাইকোপোডিয়াম, পোগোনেটাম, ড্রায়োপটেরিস, মারসিলিয়া।	পোগোনেটাম ব্যাখ্যা: লাইকোপোডিয়াম, ড্রায়োপটেরিস ও মারসিলিয়া টেরিডোফাইটার উদাহরণ কিন্তু পোগোনেটাম ব্রায়োফাইটার উদাহরণ।
23. শৈবাল, মস, ফানজি, ফার্ন।	ফানজি ব্যাখ্যা: শৈবাল, মস ও ফার্ন প্লানটি রাজ্যভুক্ত কিন্তু ফানজি হল ফানজি রাজ্যভুক্ত।
24. ব্যাকটেরিয়া, মাইকোপ্লাজমা, প্যারামিসিয়াম, নীলাভ সবুজ শৈবাল।	প্যারামিসিয়াম ব্যাখ্যা: ব্যাকটেরিয়া, মাইকোপ্লাজমা ও নীলাভ সবুজ শৈবাল প্রোক্যারিওটিক জীব কিন্তু প্যারামিসিয়াম ইউক্যারিওটিক জীব।
25. পেনিসিলিয়াম, ক্রোরোমাইসিন, এরিথ্রোমাইসিন, স্ট্রেপটোমাইসিন।	পেনিসিলিয়াম ব্যাখ্যা: পেনিসিলিয়াম হল ছত্রাক কিন্তু ক্রোরোমাইসিন, এরিথ্রোমাইসিন এবং স্ট্রেপটোমাইসিন হল অ্যান্টিবায়োটিক।
26. পেনিসিলিন, মিউকর, অ্যাগারিকাস, ইস্ট।	পেনিসিলিন ব্যাখ্যা: পেনিসিলিন হল অ্যান্টিবায়োটিক কিন্তু মিউকর, অ্যাগারিকাস এবং ইস্ট হল ছত্রাক।
27. IR-8, পুসা, বিক্রম, জগন্নাথ।	বিক্রম ব্যাখ্যা: IR-8, পুসা ও জগন্নাথ হল উচ্চফলনশীল ধান কিন্তু বিক্রম উচ্চফলনশীল ভুট্টা।

প্রশ্ন

উত্তর

28. পেনিসিলিন, হাইড্রোক্সোফিভিনাম, ক্লোরোমাইসিন, এরিথ্রোমাইসিন।	হাইড্রোক্সোফিভিনাম ব্যাখ্যা : পেনিসিলিন, ক্লোরোমাইসিন ও এরিথ্রোমাইসিন হল অ্যান্টিবায়োটিক কিন্তু হাইড্রোক্সোফিভিনাম হল জলাতঙ্ক রোগের প্রতিষেধক।
29. লাইকোপোডিয়াম, ড্রায়োপটেরিস, ফিউনেরিয়া, শূশনি।	ফিউনেরিয়া ব্যাখ্যা : লাইকোপোডিয়াম, ড্রায়োপটেরিস ও শূশনি হল টেরিডোফাইটা কিন্তু ফিউনেরিয়া হল ব্রায়োফাইটা।
30. গম, মটর, ধান, ভুট্টা।	মটর ব্যাখ্যা : গম, ধান ও ভুট্টা হল একবীজপত্রী উদ্ভিদ কিন্তু মটর দ্বিবীজপত্রী উদ্ভিদ।
31. বুই মাছ, কাতলা মাছ, কই মাছ, কালবোস মাছ।	কই মাছ ব্যাখ্যা : বুই মাছ, কাতলা মাছ ও কালবোস মাছ কার্প জাতীয় মাছ কিন্তু কই মাছ জিওল মাছ।
32. ব্যাকটেরিয়া, মাইকোপ্লাজমা, ছত্রাক, নীলাভ সবুজ শৈবাল	ছত্রাক ব্যাখ্যা : ছত্রাক ছাড়া বাকি সবগুলি মনেরা রাজ্যের অন্তর্ভুক্ত।
33. ইউগ্লিনা, অ্যামিবা, স্পাইরোগাইরা, প্যারামিসিয়াম	স্পাইরোগাইরা ব্যাখ্যা : ইউগ্লিনা, অ্যামিবা, প্যারামিসিয়াম প্রোটিস্টা কিন্তু স্পাইরোগাইরা প্লানটি রাজ্যের অন্তর্গত।
34. ইস্ট, মিউকর, পেনিসিলিয়াম, ড্রায়োপটেরিস	ড্রায়োপটেরিস ব্যাখ্যা : ড্রায়োপটেরিস প্লানটি রাজ্যের কিন্তু ইস্ট, মিউকর, পেনিসিলিয়াম ছত্রাক রাজ্যের অন্তর্গত।
35. আম, জাম, ধান, কাঁঠাল	ধান ব্যাখ্যা : আম, জাম, কাঁঠাল দ্বিবীজপত্রী কিন্তু ধান একবীজপত্রী
36. হাইড্রা, জেলিফিশ, সাইকন, অরেলিয়া	সাইকন ব্যাখ্যা : সাইকন পরিফেরা পর্বভুক্ত কিন্তু হাইড্রা, জেলিফিশ, অরেলিয়া নিডারিয়া পর্বভুক্ত।

G অন্তর্গত বিষয়টি খুঁজে বার করো

প্রশ্ন

উত্তর

1. ক্রিপটোগ্যামস্, থ্যালোফাইটা, ব্রায়োফাইটা, টেরিডোফাইটা।	ক্রিপটোগ্যামস্ ব্যাখ্যা : থ্যালোফাইটা, ব্রায়োফাইটা এবং টেরিডোফাইটা উদ্ভিদ গোষ্ঠী তিনটি ক্রিপটোগ্যামস বা অপুষ্পকের অন্তর্গত।
2. ব্রায়োফাইটা, রাইজয়েড, কলিড, ফাইলিড।	ব্রায়োফাইটা ব্যাখ্যা : রাইজয়েড, কলিড ও ফাইলিড তিনটি ব্রায়োফাইটার বৈশিষ্ট্য হওয়া এই তিনটি ব্রায়োফাইটার অন্তর্গত।
3. ফ্যানেরোগ্যামস্, জিমনোস্পার্ম, একবীজপত্রী, দ্বিবীজপত্রী।	ফ্যানেরোগ্যামস্ ব্যাখ্যা : জিমনোস্পার্ম, একবীজপত্রী, দ্বিবীজপত্রী গোষ্ঠী তিনটি ফ্যানেরোগ্যামস্-এর অন্তর্গত।

প্রশ্ন

উত্তর

4. সেফালোকর্ডাটা, ইউরোকর্ডাটা, কর্ডাটা, ক্রেনিয়াটা।	কর্ডাটা ব্যাখ্যা: সেফালোকর্ডাটা, ইউরোকর্ডাটা ও ক্রেনিয়াটা বা ভার্টিব্রাটা উপপর্ব তিনটি কর্ডাটা পর্বের অন্তর্গত।
5. প্রোসোসম বা প্রোবোসিস, হেমিকর্ডাটা, মেসোসোসম বা কলার, মেটাসোসম বা ট্রাঙ্ক।	হেমিকর্ডাটা ব্যাখ্যা: প্রোবোসিস বা প্রোসোসম, মেসোসোসম বা কলার এবং মেটাসোসম বা ট্রাঙ্ক বৈশিষ্ট্য তিনটি হেমিকর্ডাটার বৈশিষ্ট্য হওয়ায় হেমিকর্ডাটার অন্তর্গত।
6. ইউগ্লিনা, অ্যামিবা, প্রোটিস্টা, প্যারামিসিয়াম।	প্রোটিস্টা ব্যাখ্যা: ইউগ্লিনা, অ্যামিবা ও প্যারামিসিয়াম প্রোটিস্টা রাজ্যের তিনটি উদাহরণ হওয়ায় প্রোটিস্টার অন্তর্গত।
7. ফিউনেরিয়া, ব্রায়োফাইটা, রিকসিয়া, পোগোনেটাম।	ব্রায়োফাইটা ব্যাখ্যা: ফিউনেরিয়া, রিকসিয়া, পোগোনেটাম তিনটি ব্রায়োফাইটার উদাহরণ হওয়ায় ব্রায়োফাইটার অন্তর্গত।
8. মারসিলিয়া, ড্রায়োপটেরিস, টেরিডোফাইটা, লাইকোপোডিয়াম।	টেরিডোফাইটা ব্যাখ্যা: মারসিলিয়া, ড্রায়োপটেরিস, লাইকোপোডিয়াম তিনটি টেরিডোফাইটার উদাহরণ হওয়ায় টেরিডোফাইটার অন্তর্গত।
9. ব্যক্তবীজী, সাইকাস, পাইনাস, নিটাম।	ব্যক্তবীজী ব্যাখ্যা: সাইকাস, পাইনাস ও নিটাম ব্যক্তবীজী বা জিমনোস্পার্মের উদাহরণ হওয়ায় এরা ব্যক্তবীজীর অন্তর্গত।
10. ক্ল্যামাইডোমোনাস, ভলভক্স, থ্যালোফাইটা, স্পাইরোগাইরা।	থ্যালোফাইটা ব্যাখ্যা: ক্ল্যামাইডোমোনাস, ভলভক্স, স্পাইরোগাইরা শৈবাল তিনটি থ্যালোফাইটার উদাহরণ হওয়ায় থ্যালোফাইটার অন্তর্গত।

HOTS

Higher Order Thinking Skills



VALUE BASED QUESTIONS

1 | “তিমি মাছ নয়” কেন?

ANS তিমির দেহে মাছের বৈশিষ্ট্য (রশ্মিযুক্ত ও জোড় ও বিজোড় পাখনা, ভেনাস হৃৎপিণ্ড, ফুলকা) থাকে না। বরং এদের দেহে স্তনগ্রন্থি, মধ্যচ্ছদা, হৃৎপিণ্ডে চারটি প্রকোষ্ঠ পরিলক্ষিত হয়, তাই তিমি মাছ নয় জলজ স্তন্যপায়ী প্রাণী।

একই রকমভাবে তারামাছ, চিংড়ি মাছের দেহেও মাছেদের কোনো বৈশিষ্ট্য না থাকায় তারামাছ ও চিংড়িমাছ এরাও মাছ নয়।

2 | ‘বাদুড় পাখি নয়’ কেন?

ANS বাদুড়ের দেহে পাখির বৈশিষ্ট্য (পালক, কীল, বায়ুথলি) নেই বরং এদের দেহে স্তন্যপায়ী প্রাণীর ন্যায় স্তনগ্রন্থি, কর্ণছত্র বা পিনা, মধ্যচ্ছদা

থাকে ডানা থাকে না এর পরিবর্তে প্যাটাঞ্জিয়াম থাকে, তাই বাদুড় পাখি নয় স্তন্যপায়ী প্রাণী।

3 | কুমির কি উভচর প্রাণী? যুক্তি দাও।

ANS কুমির জলেও ডাঙায় বসবাস করলেও কুমিরের জীবনচক্র সম্পাদনের জন্য জলের প্রয়োজন হয় না তাছাড়া কুমিরের দেহে সরীসৃপের ন্যায় শূন্য এপিডারমাল আঁশ, হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠ যুক্ত, নখর যুক্ত আঙুল, অবসারণী ছিদ্র দেহের আড়াআড়ি অবস্থান করে, তাই কুমির জলে থাকলেও উভচর নয় সরীসৃপ শ্রেণির প্রাণী।

4 | রেটোগ্রেসিভ রূপান্তর কি?

ANS যে রূপান্তরে লার্ভা দশা অপেক্ষা পূর্ণাঙ্গ দশা অনুন্নত হয়, তাহলে

রেট্রোগ্রেসিভ বৃপাস্তুর বলে। যেমন আ্যাসিডিয়্যার লার্ভা দশায় নেটোকর্ড, নার্ভকর্ড, সেরিব্রাল ভেসিকল থাকলেও পূর্ণাঙ্গ দশায় সেগুলো অবলুপ্ত হয়ে যায় তাই পূর্ণাঙ্গ দশা লার্ভা দশার চেয়ে অনুন্নত হয়।

5 | **সিবলিং প্রজাতি কাকে বলে?**

ANS বহিরাবৃত্তিতে সাদৃশ্যযুক্ত যখন দুটি জীব পুপলেশন জননগতভাবে বিচ্ছিন্ন হয়, তখন তাদের সিবলিং প্রজাতি বলে।

এই প্রজাতি জৈবিক প্রজাতি ধারণার যথার্থতা প্রমাণ করে। ফল মাছির ক্ষেত্রে *Drosophila persilius* ও *Drosophila pseudobscura* দুটি সিবলিং প্রজাতি।

6 | **ভাস্কুলার ক্রিপটোগ্যামস কি?**

ANS টেরিডোফাইটার দেহে প্রথম সুগঠিত সংবহন কলাতন্ত্রের উদ্ভব হয়েছে, তাই এদের সংবহন কলাতন্ত্রযুক্ত উদ্ভিদ বা ভাস্কুলার ক্রিপটোগ্যামস বলে।

7 | **তুমি দূর থেকে দুটি উদ্ভিদ দেখতে পেলে এর একটি একবীজপত্রী এবং অপরটি দ্বিবীজপত্রী। তুমি দূর থেকে কিভাবে এদের শনাক্ত করবে?**

ANS আমি দূর থেকে দেখে যে উদ্ভিদটি অশাখ বা শাখাহীন দেখতে পাবো সেটি একবীজপত্রী এবং যেটি শাখায়ুক্ত সেটিকে দ্বিবীজপত্রী বলে শনাক্ত করবো।

8 | **মেসোফাইটস উদ্ভিদ কি?**

ANS যেসব উদ্ভিদরা বিভিন্ন পরিবেশে বসবাসে সক্ষম কিন্তু মরুভূমি বা জলজ পরিবেশে মানিয়ে নিতে অক্ষম তাদের মেসোফাইটস উদ্ভিদ বলে।

9 | **পেরিস্টোম দাঁত কি?**

ANS *Funaria* ক্যাপসুলের অগ্রভাগে উপস্থিত অপারকুলামের নীচে ডায়াফ্রামের প্রান্ত বরাবর দুসারিতে বিন্যস্ত বর্ণহীন দাঁতের মতো গঠনকে পেরিস্টোম দাঁত বলে।



1 | **বহুবিকল্পভিত্তিক প্রশ্নোত্তর (MCQ)**

প্রশ্নমান 1

প্রশ্ন

উত্তর

1. *Mangifera indica* কোন্ গাছের বিজ্ঞানসম্মত নাম?—**A** আম **B** জাম **C** কলা **D** বট

A *Mangifera indica* আম গাছের বিজ্ঞানসম্মত নাম।

2. মাইক্রোস্ফিয়ার হল প্রথম কোশীয় জীব—এটি কার উক্তি?—**A** ওপারিন **B** ফক্স **C** হ্যালডেন **D** পাস্তুর

B মাইক্রোস্ফিয়ার হল প্রথম কোশীয় জীব—এটি ফক্স-এর উক্তি।

3. যে প্রক্রিয়ায় খাদ্যস্থ স্থৈতিক শক্তি তাপ শক্তিরূপে মুক্ত হয় তাকে বলে—**A** পুষ্টি **B** শ্বসন **C** রেচন **D** বৃদ্ধি

B যে প্রক্রিয়ায় খাদ্যস্থ স্থৈতিক শক্তি তাপ শক্তিরূপে মুক্ত হয় তাকে বলে শ্বসন।

4. নীচের কোনটি কনড্রিকথিস (*Chondrichthyes*) শ্রেণির বৈশিষ্ট্য নয়?—**A** পটকা **B** প্রাকয়েড আঁশ **C** হেটারোসারকাল লেজ **D** অন্তরকঙ্কাল তরুণাস্থিময়

A পটকা কনড্রিকথিস (*Chondrichthyes*) শ্রেণির বৈশিষ্ট্য নয়।

5. বর্গ ও পর্বের মধ্যবর্তী ক্যাটাগরি হল—**A** শ্রেণি **B** গণ **C** গোত্র **D** রাজ্য

A বর্গ ও পর্বের মধ্যবর্তী ক্যাটাগরি হল শ্রেণি।

II অতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নোত্তর (VSAQ)

প্রশ্নমান 1

A এককথায় উত্তর দাও

প্রশ্ন

উত্তর

1. 'Taxonomy' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?	অগাস্তিন পি. দ্য কনডোল (Augustin P. de condole) সর্বপ্রথম taxonomy কথাটি ব্যবহার করেন।
2. মানুষের দ্বিপদ নাম কী?	মানুষের দ্বিপদ নাম <i>Homo sapiens</i> ।
3. লিনিয়াসের হায়ারার্কিতে কটি ধাপ ছিল?	লিনিয়াসের হায়ারার্কিতে সাতটি ধাপ ছিল।
4. রাজ্য ফানজির একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।	এদের কোশ ইউক্যারিওটিক প্রকৃতির এবং ক্লোরোফিলবিহীন।
5. কেঁচো কোন্ পর্বের প্রাণী?	কেঁচো অ্যানিলিডা বা অঞ্জুরিমাল পর্বের প্রাণী।
6. বাদুড় কোন্ শ্রেণির প্রাণী?	বাদুড় ম্যামেলিয়া বা স্তন্যপায়ী শ্রেণির প্রাণী।
7. জীবেদের পাঁচ রাজ্য শ্রেণিবিন্যাস কে প্রবর্তন করেন?	বিজ্ঞানী Whittaker জীবেদের পাঁচ রাজ্য শ্রেণিবিন্যাস প্রবর্তন করেন।
8. কণ্টকত্বকী পর্বের একটি প্রাণীর উদাহরণ দাও।	কণ্টকত্বকী পর্বের একটি প্রাণী হল তারামাছ।
9. একটি অপচিতি বিপাকের নাম লেখো।	শ্বসন একটি অপচিতি বিপাক।
10. কোন্ বিজ্ঞানে জীবাণু সম্পর্কে আলোচনা করা হয়?	জীবাণুবিজ্ঞান বা Microbiology-তে জীবাণু সম্বন্ধে আলোচনা করা হয়।

B শূন্যস্থান পূরণ করো

প্রশ্ন

উত্তর

11. ব্যাকটেরিয়ার রাজ্য হল _____।	মনেরা
12. স্পাইরোগাইরা _____ রাজ্যের অন্তর্ভুক্ত।	শৈবাল
13. _____ উপনিবেশ গঠনকারী শৈবাল।	ভলভক্স
14. হাঙর _____ শ্রেণির অন্তর্গত প্রাণী।	কনড্রিকথিস
15. চিংড়ি _____ পর্বের অন্তর্গত প্রাণী।	আর্থ্রোপোডা
16. দেহ রোম দ্বারা আচ্ছাদিত _____ শ্রেণির প্রাণী।	ম্যামেলিয়া
17. এক স্থানে স্থির থেকে জীবদেহের অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালনকে _____ বলে।	চলন
18. _____ হল প্রথম কোশীয় জীব।	কোয়াসারভেট
19. _____ জীববিদ্যার সঙ্গে রসায়ন সহযোগে গঠিত হয়েছে।	জীবরসায়ন
20. _____ হল উচ্চ ফলনশীল ধান।	IR-8

C সত্য না মিথ্যা নির্ধারণ করো

প্রশ্ন

উত্তর

21. উদ্ভেজিতা জীবের একটি বৈশিষ্ট্য।	সত্য
22. জড় বংশবিস্তার করে।	মিথ্যা [জীব বংশবিস্তার করে]
23. ওপারিন কোয়াসারভেট মডেলের নামকরণ করেন।	সত্য
24. ক্রোরোমাইসিন একটি অ্যান্টিসেপটিক ওষুধ।	মিথ্যা [ক্রোরোমাইসিন একটি অ্যান্টিবায়োটিক ওষুধ]
25. দ্বিপদ নামকরণের দুটি পদের একটি হল বর্গ এবং অপরটি প্রজাতি।	মিথ্যা [দ্বিপদ নামকরণের দুটি পদের একটি হল গণ এবং অপরটি প্রজাতি]
26. ইউগ্লিনা মনেরা রাজ্যের অন্তর্গত।	মিথ্যা [ইউগ্লিনা প্রোটিস্টা রাজ্যের অন্তর্গত]
27. নিডারিয়া পর্বের প্রাণী হল অরেলিয়া।	সত্য
28. মাইক্রোস্ফিয়ারের সঙ্গে নিউক্লিক অ্যাসিড যুক্ত হয়ে সৃষ্টি হয়েছিল আদি কোশের।	সত্য
29. শাহিওয়াল একপ্রকার অধিক দুগ্ধপ্রদায়ী গাভি।	সত্য
30. থিওফ্রাসটাসকে উদ্ভিদবিদ্যার জনক বলা হয়।	সত্য

E স্তম্ভ মেলাও

31.

বামস্তম্ভ

ডানস্তম্ভ

উত্তর

1. আমের দ্বিপদ নাম	A. ব্যাকটেরিয়া	1.-B
2. মনেরা	B. <i>Mangifera indica</i>	2.-A
3. টেরিডোফাইটা	C. টর্পেডো	3.-E
4. কনড্রিকথিস	D. হ্যাগফিশ	4.-C
	E. শূশনি	



- ▶ জীব হল বৃক্ষি, প্রজনন, পরিব্যক্তি, বিবর্তন ইত্যাদি বৈশিষ্ট্য প্রকাশকারী প্রোটোপ্লাজমীয় বস্তু।
- ▶ প্রজননে সক্ষমতা, বিপাক ক্রিয়ার উপস্থিতি, উদ্দীপনায় সাড়া দেওয়া এসবই জীবের প্রধান লক্ষণসমূহ।
- ▶ প্রায় 3.7 বিলিয়ন বছর পূর্বে রাসায়নিক উপায়ে জড় বস্তু থেকে প্রাণের উদ্ভব হয়েছিল। পরে আদি প্রাণ থেকে নানান জীবের অভিব্যক্তি ঘটে।
- ▶ বিভিন্ন জীবের শনাক্তকরণ, নামকরণ ও তাদের গোষ্ঠীভুক্ত করাই ট্যাক্সোনমির উদ্দেশ্য।
- ▶ জীবের নামকরণে দুটি পদের ব্যবহার করা হয়। একটি গণ, অপরটি প্রজাতি। এই দুই পদের সমন্বয়ে জীবের নামকরণকে দ্বিপদ নামকরণ বলা হয়।
- ▶ ক্যালোলাস লিনিয়াসের মতে, ট্যাক্সোনমি রাজ্য, পর্ব, শ্রেণি, বর্গ, গোত্র, গণ ও প্রজাতি এই সাতটি ধাপের সমন্বয়ে গঠিত।
- ▶ জীবদের মনেরা, প্রোটিস্টা, ছত্রাক, প্লানটি এবং অ্যানিমেলিয়া—এই পাঁচটি রাজ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে।



- কোনটি প্রোটোজোয়া নয় ?
[A] হাইড্রা [B] ইউগ্রিনা [C] অ্যামিবা [D] প্যারামেসিয়াম
- পতঙ্গ নিম্নলিখিত কোনটির অন্তর্গত ?
[A] আনিলিডা [B] আর্থ্রোপোডা
[C] সিলেন্টেরাটা [D] ক্রাস্টেসিয়াম
- পতঙ্গদের আছে—
[A] দু'জোড়া পা [B] তিনজোড়া পা
[C] চারজোড়া পা [D] একজোড়া পা
- সামুদ্রিক অশ্ব (Sea horse) একটি—
[A] অসটিকথিস বা টেলিওস্টোমি [B] মোলাস্কা বা কস্মোজ
[C] কনড্রিকথিস বা ইলাসমোরাঙ্কি [D] ম্যামেলিয়া বা স্তন্যপায়ী
- হার্বেরিয়াম হল—
[A] মৃত উদ্ভিদকে শুষ্ক করে একস্থানে রাখা
[B] জীবিত উদ্ভিদকে একত্রিত করে রাখা
[C] মৃত উদ্ভিদকে আর্দ্র ঘরে রাখা
[D] জীবন্ত উদ্ভিদকে কাচের ঘরে রাখা
- এদের মধ্যে কোনটি তবুগাণ্ডস্থিত মাছ ?
[A] সিলভার ফিস [B] ডগ ফিস [C] ক্রে ফিস [D] স্টার ফিস
- 'Herbarium of Forest Research Institute' কোথায় অবস্থিত ?
[A] কলকাতা [B] দেরাদুন [C] লক্ষ্ণৌ [D] মুম্বাই
- কোন প্রাণীকে 'ডেভিল মাছ' বলে ?
[A] ভিমি [B] হাঙর [C] অক্টোপাস [D] ডলফিন
- ন্যাথোস্টোমাটা উপশ্রেণিটি কোন শ্রেণির অন্তর্গত ?
[A] একাইনোডার্মাটা [B] পরিফেরা
[C] সিলেন্টারেটা [D] কর্ডাটা
- গরুর দুধে কী থাকার জন্য দুধের রঙ ঈষৎ হলদে হয় ?
[A] ক্যারোটিন [B] ল্যাকটোজ
[C] রাইবোফ্লভিন [D] রাইবিউলোজ
- রসটাম কোন প্রাণিতে দেখা যায় ?
[A] আরশোলা [B] পিপড়ে [C] চিৎড়ি [D] বুইমাছ
- ট্যাক্সোনিমি সংক্রান্ত বিদ্যার অন্তর্গত—
[A] শনাস্করণ [B] নামকরণ [C] শ্রেণিবিভাগ [D] সবকটি
- অ্যাসকারিস-এর দেহ গহ্বরকে বলা হয়—
[A] সিলোম [B] হিমোসিলোম
[C] সিউডোসিলোম [D] কোনোটাই নয়
- আর্কিগোনিয়াম (Archegonium) নিম্নলিখিত কোন উদ্ভিদে দেখা যায় না ?
[A] পাইন [B] সাইকাস [C] নিটাম [D] গিগোগো বাইলোবা
- রিক্সিয়া হল একটি—
[A] ছত্রাক [B] ফাঙ্গ [C] শৈবাল [D] মস
- ভারতের বৃহত্তম 'Central National Herbarium' কোথায়

- অবস্থিত ?
[A] মুম্বাই [B] হাওড়া [C] চেন্নাই [D] কটক
- Arthur Cronquist এর শ্রেণিবিন্যাস নিম্নলিখিত কোন প্রকারের ?
[A] প্রাকৃতিক [B] কৃত্রিম [C] ফাইলোজেনেটিক
[D] প্রাকৃতিক, কৃত্রিম এবং ফাইলোজেনেটিক প্রকৃতির
- ICNB সংস্থাটি নিম্নলিখিত কোন জীবের নামকরণের সাথে সম্পর্কিত ?
[A] ভাইরাস [B] ব্যাকটেরিয়া [C] উদ্ভিদ [D] প্রাণী
- কোনটি শৈবাল ও ছত্রাকের সমন্বয়ে গঠিত ?
[A] লাইকেন [B] মাইকোরাইজা
[C] VAM [D] কোরালয়েড মূল
- নিম্নলিখিত কোন প্রাণিতে চক্ষুবিন্দু দেখা যায় ?
[A] ইউগ্রিনা [B] ব্যাঙ [C] সাপ [D] পিপড়ে
- মাইকোরাইজা নিম্নলিখিত কোনটির উদাহরণ ?
[A] পরজীবী [B] মৃতজীবী
[C] মিথোজীবী [D] পতঙ্গভুক
- সোরাস বা সিনোসোরাস কোন উদ্ভিদে পাওয়া যায় ?
[A] শৈবাল [B] মিউকর [C] ফার্ন [D] মটর গাছ
- IUCN কোন সালে গঠিত বা স্থাপিত হয় ?
[A] 1947 সাল [B] 1949 সাল
[C] 1948 সাল [D] 1950 সাল
- E. Coli কোন প্রকৃতির ব্যাকটেরিয়া ?
[A] গ্রাম পজিটিভ [B] গ্রাম নেগেটিভ
[C] 'a' এবং 'b' [D] কোনোটাই নয়
- নীচের কোনটি অবাযুজীবী ব্যাক্টেরিয়া ?
[A] ক্লসট্রিডিয়াম টিটেনি [B] এসেরেকিয়া কোলাই
[C] রোডোস্পাইরিলাম [D] ব্যাক্টেরিওফাজ
- মস হল একটি—
[A] হাইড্রোফাইট [B] লিথোফাইট
[C] মেসোফাইট [D] ক্রায়োফাইট
- গ্লাইকোজেন নীচের কোন প্রকার উদ্ভিদের সঞ্চিত খাদ্য ?
[A] শৈবাল [B] ছত্রাক [C] মস [D] ফাঙ্গ
- হিমোসিল কী ?
[A] পতঙ্গদের রক্ত [B] লৌহযুক্ত রক্ত
[C] তাশ্রয়িত রক্ত [D] রক্তপূর্ণ দেহগহ্বর
- ক্ষুদ্রতম ভাইরাস কোনটি ?
[A] রাইনো ভাইরাস [B] ভ্যারিওলা ভাইরাস
[C] রেবিস ভাইরাস [D] বুবেলা ভাইরাস
- কর্ডাটা পর্বের প্রধান বৈশিষ্ট্য কোনটি ?
[A] নোটোকর্ড [B] নার্ডকর্ড
[C] স্পাইনাল কর্ড [D] কোনোটাই নয়

31. ব্যক্তবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য হল—
[A] বহু ফ্ল্যাজেলাযুক্ত শূক্ৰাণু [B] নম্ববীজ
[C] দানায়ুক্ত বীজ [D] ফলের ভিতরে বীজ
32. ব্রায়োফাইটের পূর্ণাঙ্গ উদ্ভিদ দেহটি—
[A] পরাশ্রয়ী [B] স্পোরোফাইট
[C] গ্যামেটোফাইট [D] স্পোরোফিল
33. বাদুড়ের বিজ্ঞানসম্মত নাম কী?
[A] *Pteropus giganteus* [B] *Macaca mulata*
[C] *Rana tigrina* [D] *Scoliodon sorrakowah*
34. শ্রেণিবিন্যাসের জনক বলে—
[A] হাচিনসন [B] অ্যাউলার [C] লিনিয়াস [D] ওপারিন
35. ইলেক্ট্রন অণুবীক্ষণ যন্ত্রে ব্যবহৃত লেন্সগুলি—
[A] কাচের তৈরি [B] ফাইবারের তৈরি
[C] তড়িৎ চুম্বক [D] লোহার তৈরি
36. কোন্ উদ্ভিদটি প্রথম ভূগণসম্বিত উদ্ভিদ?
[A] থ্যালোফাইট [B] ব্রায়োফাইট
[C] টেরিডোফাইট [D] ব্যক্তবীজী
37. শৈবালের প্রধান অঙ্গজ দেহটি হল—
[A] লিঙ্গধর [B] রেণুধর
[C] লিঙ্গধর ও রেণুধর [D] কোনোটিই নয়
38. হাইফা কোন্ প্রকার উদ্ভিদের গঠনগত একক?
[A] শৈবাল [B] ছত্রাক [C] মস [D] ফার্ন
39. পেনিসিলিন কোন্ প্রকার উদ্ভিদ থেকে পাওয়া যায়?
[A] ছত্রাক [B] শৈবাল [C] ফার্ন [D] মস
40. ব্যক্তবীজী উদ্ভিদের শস্য সাধারণত কোন্ প্রকারের?
[A] n [B] 2n [C] 3n [D] কোনোটিই নয়
41. মাশরুম হল একপ্রকার—
[A] শৈবাল [B] ছত্রাক [C] মস [D] ফার্ন
42. পতঙ্গভূক উদ্ভিদদের কোন্ উপাদানের অভাব থাকে?
[A] কার্বন [B] হাইড্রোজেন
[C] নাইট্রোজেন [D] কোনোটিই নয়
43. সেলাজিনেলা কোন্ প্রকার উদ্ভিদের অন্তর্গত?
[A] মস [B] ফার্ন [C] ব্যক্তবীজী [D] গুপ্তবীজী
44. নিম্নের কোনটি অসমাজ্য ফুল?
[A] ধূতুরা [B] জবা [C] কুমড়া [D] মটর
45. কুনোব্যাক্টের মোট আঙুলের সংখ্যা কত?
[A] 20 [B] 18 [C] 8 [D] 10
46. বিজ্ঞানসম্মত নাম কোন ভাষাতে করা হয়?
[A] ইংরেজী [B] গ্রীক [C] ল্যাটিন [D] স্প্যানিশ
47. জীববিদ্যার জনক কাকে বলা হয়?
[A] থিওফ্রাসটাস [B] অ্যারিস্টটল
[C] ক্যারোলাস লিনিয়াস [D] গ্রেগর জোহান মেন্ডেল
48. আরশোলার দৃষ্টি হল—
[A] একনেত্র দৃষ্টি [B] দ্বিনেত্র দৃষ্টি
[C] আল্ট্রাসোনিক [D] পুঞ্জদৃষ্টি
49. নিম্নের কোনটি অভিজ সন্ধিপদী প্রাণী নয়?
[A] কাঁকড়াবিছে [B] গোবরে পোকা
[C] চিংড়ি [D] সেন্টিপেডস্
50. 'Critica Botania' বইটির লেখক কে?
[A] লিনিয়াস [B] ক্রনকুইস্ট [C] হুক [D] ক্যান্ডোলো
51. মাইক্রোগ্রাফিয়া কার বিখ্যাত গ্রন্থ?
[A] লিনিয়াস [B] রবার্ট হুক [C] জন রে [D] মেন্ডেল
52. বিজ্ঞানের যে শাখায় কীটপতঙ্গ নিয়ে আলোচনা করা হয় তাকে বলে—
[A] এন্টোমোলজি [B] অরনিথোলজি
[C] এপিকালচার [D] ম্যালাকোলজি
53. ব্যাকটেরিওফাজ আসলে কী?
[A] ব্যাকটেরিয়া [B] ভাইরাস
[C] প্রোটোজোয়া [D] রাসায়নিক পদার্থ
54. দ্বিপদ নামকরণের প্রবক্তা হলেন—
[A] ক্যানডোলো [B] হাচিনসন
[C] লিনিয়াস [D] বেন্থাম ও হুকার
55. নিম্নের কোনটি নিজের আকৃতি পরিবর্তন করতে পারে?
[A] ব্যাকটেরিয়া [B] প্রোটোজোয়া
[C] অ্যামিবা [D] এর কোনওটিই নয়
56. নিম্নলিখিত কোন্ উদ্ভিদ গোষ্ঠীকে উভয়চর উদ্ভিদ বলা হয়?
[A] শৈবাল [B] ছত্রাক [C] মস [D] ফার্ন
57. ব্যাকটেরিয়া নামকরণের সঙ্গে নিম্নলিখিত কোন্ সংস্থাটি সম্পর্কিত?
[A] ICBN [B] ICZN [C] ICNB [D] কোনোটিই নয়
58. আয়ুর্বেদ চিকিৎসার জনক বলা হয়—
[A] চরক [B] শূশ্রুত [C] অ্যারিস্টটল [D] ভেসালিয়াস
59. শালগাছ কোন্ ধরনের বৃক্ষ?
[A] পর্ণমোচী [B] চিরহরিৎ [C] ম্যানগ্রোভ [D] কনিফার
60. ক্যারোলাস লিনিয়াস কত সালে দ্বিপদ নামকরণ প্রচলন করেন?
[A] 1705 [B] 1750 [C] 1759 [D] 1753
61. মানুষ কোন্ পর্বের অন্তর্ভুক্ত প্রাণী?
[A] কর্ডাটা [B] অ্যাম্ফিবিয়া [C] মোলাস্কা [D] পরিফেরা
62. বৃহত্তম এককোশী শৈবালের নাম কী?
[A] ক্ল্যামাইডোমোনাস [B] ভাইকোরিয়া
[C] অ্যাসিটাবুলারিয়া [D] কোনওটিই নয়
63. কোনটি উদ্ভিদ ও প্রাণীর মধ্যবর্তী পর্যায়ের জীব?
[A] ভাইরাস [B] ব্যাকটেরিয়া [C] প্রোটোজোয়া [D] অ্যামিবা
64. বায়োভাইভারসিটি কথাটি প্রচলন করেন—
[A] রোজেন [B] মায়ার্স [C] লিনিয়াস [D] ওপারিন
65. কোষের গঠন অনুযায়ী নিম্নোক্তদের মধ্যে কোনটি সবচেয়ে জটিল?
[A] ব্যাকটেরিয়া [B] প্রোটোজোয়া
[C] শৈবাল [D] ছত্রাক
66. নিম্নের কোনটি ভাইরাসের বৈশিষ্ট্য নয়?
[A] অকোশী [B] বাধ্যতামূলক পরজীবী
[C] পোষক কোষে প্রজননক্ষম [D] প্রোক্যারিওটিক
67. ভূটা গাছের বিজ্ঞানসম্মত নাম কি?
[A] *Zea mays* [B] *Triticum aestivum*
[C] *Solanum tuberosum* [D] *Nicotiana tabacum*

68. দ্বিপদ নামকরণের ক্ষেত্রে গণের নাম সর্বদা কী হয়?
[A] বিশেষণ [B] বিশেষ্য [C] সর্বনাম [D] অবয়ব
69. নিম্নের কোনটি গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া?
[A] ল্যাকটোব্যাসিলাস [B] ক্লসট্রিডিয়াম
[C] ব্যাসিলাস [D] রাইজোবিয়াম
70. পৃথিবীর বৃহত্তম বোটানিক্যাল গার্ডেন কোন দেশে অবস্থিত?
[A] ভারত [B] আমেরিকা [C] ইংল্যান্ড [D] জাপান
71. Nostoc হল একপ্রকার—
[A] নীলাভ সবুজ শৈবাল [B] সবুজ শৈবাল
[C] লোহিত শৈবাল [D] বাদামী শৈবাল
72. 'ন্যাশনাল ব্যুরো অফ প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস' কোথায় অবস্থিত?
[A] বেঙ্গালুরু [B] জম্মু [C] দিল্লি [D] শিলং
73. হাইড্রার নিম্যাটোসিস্ট-এর মধ্যে কোন বিষাক্ত রাসায়নিক বস্তুটি পাওয়া যায়?
[A] থ্রমবিন [B] হিমোজোইন
[C] হিপনোটক্সিন (Hypnotoxin) [D] হেপারিন
74. সিলোম থাকে না—
[A] পরিফেরা-তে [B] সিলেনটেরাটা-য়
[C] প্লাটিহেলমিনথেস-এ [D] উপরের সবকটিতেই
75. ব্যক্তবীজী উদ্ভিদের ফল গঠিত হয় না কারণ—
[A] শূক্ৰানু [B] গর্ভশয় থাকে না
[C] ডিম্বাণু থাকে না [D] কোনোটিই নয়
76. ফুসফুস কৃমির বিজ্ঞানসম্মত নাম হল—
[A] *Hymenolepis nana*
[B] *Paragonimus westermani*
[C] *Schistosoma haematobium*
[D] *Echinococcus granulosus*
77. কাদের দেহে সিউডোসিলোম দেখা যায়?
[A] একাইনোডার্মাটা [B] মোলাস্কা
[C] নিম্যাটোডা [D] অ্যানিলিডা
78. যে ব্যতিক্রমী ক্ষমতার উপর নির্ভর করে জীবকে জড় থেকে আলাদা করা যায়, তা হল—
[A] বৃন্দি ও সঞ্চারন [B] সংবেদনশীলতা [C] জনন
[D] ক্রিয়া-প্রতিক্রিয়া ও অগ্রগতিমূলক অভিযোজন
79. লজ্জাবতী লতায় স্পর্শ করলে মুড়ে যায়, জীবের এইরূপ বৈশিষ্ট্যকে বলে—
[A] সংবেদনশীলতা [B] উত্তেজিতা
[C] গমন [D] বিপাক
80. পৃথিবীর চারপাশে গ্যাসের আন্তরণকে বলে—
[A] হাইড্রোস্ফিয়ার [B] অ্যাটমোস্ফিয়ার
[C] পাইরোস্ফিয়ার [D] ব্যারিস্ফিয়ার
81. পৃথিবীর উপরিতলের অংশকে বলা হয়—
[A] ম্যান্টেল [B] কোর [C] ক্রাস্ট [D] হাইড্রোস্ফিয়ার
82. পৃথিবী প্রধানত কটি স্তর নিয়ে গঠিত হয়েছে?
[A] দুটি [B] তিনটি [C] চারটি [D] পাঁচটি
83. প্রাণের উৎপত্তি সম্পর্কে সবচেয়ে পুরানো তত্ত্বটি হল—
[A] বিশেষ সৃষ্টি তত্ত্ব [B] স্বতঃস্ফূর্ত বিকাশ তত্ত্ব
[C] কসমোজোইক তত্ত্ব [D] সায়ানোজেন তত্ত্ব
84. প্রারম্ভিক অবস্থায় পৃথিবীর তাপমাত্রা ছিল—
[A] 5000°C – 6000°C [B] 6000°C – 7000°C
[C] 7000°C – 8000°C [D] 1000°C – 2000°C
85. জড় পদার্থ থেকে প্রাণের সৃষ্টির প্রথম ধারণা দেন—
[A] হাঙ্কলে [B] ওপারিন
[C] হ্যালডেন [D] লুই পাস্তুর
86. বিশ্ব ব্রাহ্মণ্ডে ও বিবর্তনের বিজ্ঞানভিত্তিক শাখাকে বলা হয়—
[A] প্যানস্পারজিয়া [B] কসমোগোনি
[C] ইভোলিউশান [D] কসমোলজি
87. সায়ানোজেন তত্ত্বের প্রবক্তা হলেন—
[A] হ্যালডেন [B] ওপারিন [C] আরহেনিয়াস [D] ফুজার
88. কেমোজেনি তত্ত্বের প্রবক্তা হলেন—
[A] ফুজার ও ওপারিন [B] হ্যালডেন ও হেলমন্ট
[C] ওপারিন ও হ্যালডেন [D] কোনোটিই নয়
89. 'হট ডাইলিউট সুপ' তত্ত্বের প্রবক্তা হলেন—
[A] হাঙ্কলে [B] ওপারিন [C] হ্যালডেন [D] ল্যামার্ক
90. নগ্নজিন হল—
[A] প্রোটিন বিহীন RNA [B] প্রোটিন বিহীন DNA
[C] RNA [D] DNA
91. মাইক্রোস্ফিয়ার তত্ত্বের প্রবক্তা হলেন—
[A] ওপারিন [B] হাঙ্কলে
[C] হ্যালডেন [D] ফক্স
92. কোয়াসারভেট তত্ত্বের প্রবক্তা হলেন—
[A] ওপারিন [B] হ্যালডেন [C] ফক্স [D] হাঙ্কলে
93. প্রোটোসেল হল—
[A] কোয়াসারভেট [B] নগ্নজিন
[C] প্রোটিনয়েড [D] কোয়াসারভেট ও নগ্নজিন
94. প্রোটোবায়ন্ট হল—
[A] কোয়াসারভেট ও নিউক্লিক অ্যাসিডযুক্ত অবায়ুজীবী হেটারোট্রফ
[B] বৃন্দি ও বিভাজন সক্ষম
[C] দ্বিস্তরীয় আচরণযুক্ত [D] সবগুলি সঠিক।
95. হটস্পট ধারণার প্রবর্তক হলেন—
[A] মায়ার্স [B] মেয়ার [C] সিম্পসন [D] রাইট
96. প্রাকৃতিক পরিবেশে সংরক্ষণকে বলে—
[A] ইনসিটু [B] এক্সসিটু [C] উদ্ভিদবিদ্যা [D] জু
97. মানুষের ছয়টি আঙুল কিসের উদ্ভাবন?
[A] বিচ্ছিন্ন প্রকরণ [B] অবিচ্ছিন্ন প্রকরণ
[C] অভিযোজন [D] প্রাকৃতিক নির্বাচন
98. আলফা বৈচিত্র্য হল—
[A] প্রজাতি বৈচিত্র্য [B] জেনেটিক বৈচিত্র্য
[C] কমিউনিটি বৈচিত্র্য [D] কোনোটিই নয়

99. আমাদের দেশের সর্বোচ্চ জীববৈচিত্র্য সম্পন্ন ভৌগোলিক অঞ্চল হল—
 [A] পূর্বঘাট ও পশ্চিমঘাট [B] পশ্চিমঘাট ও পূর্ব হিমালয়
 [C] সুন্দরবন ও কচ্ছেররণ [D] কেরালা
100. বায়োলজি শব্দের প্রবক্তা হলেন—
 [A] ল্যামার্ক [B] ওপারিন [C] অ্যারিস্টটল [D] ডারউইন
101. প্রাকৃতিক নির্বাচন তত্ত্বের প্রবক্তা হলেন—
 [A] ল্যামার্ক [B] হ্যালডেন [C] ডারউইন [D] দ্য ব্রিস
102. জেনেটিক ইঞ্জিনিয়ারিং হল—
 [A] জৈব প্রযুক্তির সাহায্যে জিনোমের পরিবর্তন
 [B] প্রজনন ব্যতীত জৈব প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে জিনোমের পরিবর্তন
 [C] অ্যান্টিবায়োটিকের উৎপাদনে জৈব প্রযুক্তির প্রয়োগ
 [D] কোনোটিই নয়
103. বায়োটেকনোলজির জনক হলেন—
 [A] লুইপাস্তুর [B] স্মিথ
 [C] নিরেনবার্গ [D] বিডল ও টাটুম
104. মৌমাছির বিজ্ঞানসম্মত উপায়ে পালন পদ্ধতিটি জীববিদ্যার যে শাখায় আলোচিত হয়, তা হল—
 [A] এপিয়ারি [B] এপিকালচার
 [C] সেরিকালচার [D] সিলভিকালচার
105. কম্পিউটার ও ইলেকট্রনিক্স যখন জীববিদ্যার সাথে যুক্ত হয়ে যে বিজ্ঞানের যে শাখা গঠন করে তা হল—
 [A] বায়ো স্ট্যাটিকস্টিক্স [B] বায়ো ইঞ্জিনিয়ারিং
 [C] বায়ো ম্যাথমেটিক্স [D] বায়োনিক্স
106. রসায়নবিদ্যা ও জীববিদ্যা সংযুক্ত হয়ে বিজ্ঞানের যে শাখার সৃষ্টি করেছে, তা হল—
 [A] বায়োফিজিক্স [B] বায়োইনফরমেটিক্স
 [C] বায়োজিওকেমিস্ট্রি [D] বায়োকেমিস্ট্রি
107. উচ্চফলনশীল ও উন্নততর গমের ভ্যারাইটিটি হল—
 [A] রত্না [B] জয়া [C] কল্যাণ সোনা [D] IR-22
108. নিম্নলিখিত কোনটি জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এর প্রয়োগে প্রাপ্ত হয়েছে?
 [A] গোল্ডেন রাইস [B] গ্লুকোজ
 [C] হিমোগ্লোবিন [D] a ও c সঠিক
109. ভারতবর্ষে প্রথম জেনেটিক মডিফায়েড উদ্ভিদ যা বাণিজ্যিকভাবে ব্যবহৃত হয়—
 [A] Bt তুলো [B] Bt বেগুন
 [C] ফ্লাভার টমাটো [D] গোল্ডেন রাইস
110. IR-8, রত্না, এগুলি আসলে হল—
 [A] উচ্চ ফলনশীল গম [B] উচ্চ ফলনশীল সরিষা
 [C] উচ্চ ফলনশীল ভুট্টা [D] উচ্চ ফলনশীল ধান
111. এক্সপ্ল্যান্ট হল—
 [A] কলা কর্ণে ব্যবহৃত উদ্ভিদাংশ [B] নির্বীজকরণ পদ্ধতি
 [C] সাবকালচার [D] প্ল্যান্টলেট
112. Bt কথার অর্থ হল—
 [A] ব্যাসিলাস সাবটিলিস [B] ব্যাকটেরিয়াল ট্রান্সজেনেসিস
 [C] ব্যাসিলাস টিউবিফিক্যান্স [D] ব্যাসিলাস থুরিনজেনেসিস
113. মহাকাশ গবেষণায় যে এককোশী উদ্ভিদটি ব্যবহার করা হয়, তা হল—
 [A] ইস্ট [B] ক্ল্যামাইডোমোনাস
 [C] ক্লোরেল্লা [D] স্পিরুলিনা
114. পৃথিবীতে প্রথম আবিষ্কৃত অ্যান্টিবায়োটিকটি হল—
 [A] এরিথ্রোমাইসিন [B] পেনিসিলিন
 [C] ক্লোরামফেনিকল [D] রিফামপিসিন
115. Taxonomy শব্দটির প্রবর্তক হলেন—
 [A] থিওফ্রেটাস [B] জন রে
 [C] লিনিয়াস [D] ক্যানডোলে
116. লিনিয়াস পূর্ববর্তী সময়ে যিনি প্রথম শ্রেণিবিন্যাস করেন—
 [A] থিওফ্রেটাস [B] অ্যারিস্টটল
 [C] মার্সাস [D] বেথাম ও হুকার
117. হিস্টোরিয়া প্ল্যান্টেরাম নামক গ্রন্থটির রচয়িতা হলেন—
 [A] থিওফ্রেটাস [B] অ্যারিস্টটল
 [C] এলডার [D] লিনিয়াস
118. সিস্টেমা নাচুরির রচয়িতা হলেন—
 [A] সিম্পসন [B] বেথাম [C] লিনিয়াস [D] হুকার
119. স্পিসিস প্ল্যান্টেরাম গ্রন্থটির রচয়িতা হলেন—
 [A] হুকার [B] থিওফ্রেটাস
 [C] লিনিয়াস [D] মেয়ার
120. কোনো জীবকে বৈশিষ্ট্যের ভিত্তিতে নির্দিষ্ট গোষ্ঠীভুক্তি করার প্রক্রিয়াকে বলা হয়—
 [A] নামকরণ [B] শ্রেণিবিন্যাস
 [C] শনাক্তকরণ [D] বৈশিষ্ট্যায়ন
121. শ্রেণিবিন্যাসের প্রয়োজনীয়তা হল—
 [A] জীবের পারস্পরিক সম্পর্ক নির্ণয়
 [B] হারানো যোগসূত্রের সন্ধান
 [C] বিবর্তনের পথের সন্ধান
 [D] উপরে সবগুলি প্রযোজ্য
122. দ্বি-পদ নামকরণের জনক হলেন—
 [A] ল্যামার্ক [B] লিনিয়াস [C] সিম্পসন [D] বেথাম
123. ট্যাক্সন হল—
 [A] শ্রেণিবিন্যাসের একক [B] সিস্টেমেটিক্সের একক
 [C] ক্যাটেগরির একক [D] কোনোটিই নয়
124. লিনিয়াস হায়ারার্কিতে ব্যবহৃত প্রধান ক্যাটেগরির সংখ্যা হল—
 [A] পাঁচ [B] ছয় [C] সাত [D] নয়
125. ট্যাক্সনমির সর্বনিম্ন একক হল—
 [A] পর্ব [B] গোত্র [C] শ্রেণি [D] প্রজাতি

126. প্রজাতি হল—
 [A] একই প্রকার অঙ্গসংস্থানিক গঠনযুক্ত
 [B] প্রজননক্ষম অপত্য সৃষ্টি করে।
 [C] ভিন্ন প্রজাতির জীবেরা প্রকৃতিতে প্রজনন করে না
 [D] সবগুলি সঠিক
127. জীবজগতে পাঁচ রাজ্যের শ্রেণি বিন্যাস করেন—
 [A] লিনিয়াস [B] হুইটেকার
 [C] হাক্সলে [D] বেঞ্চাম
128. স্পিসিস শব্দটির প্রবক্তা হলেন—
 [A] জন রে [B] লিনিয়াস
 [C] হুকার [D] এণ্ডলার
129. উদ্ভিদ বিদ্যার জনক হলেন—
 [A] থিওফ্রাস্টাস [B] অ্যারিস্টটল
 [C] মায়ার [D] ল্যামার্ক
130. মাইকোপ্লাজমা নিম্নলিখিত কোন রাজ্যের অন্তর্ভুক্ত?
 [A] প্রোটিস্টা [B] মোনেরা
 [C] ফাংগি [D] অ্যানিমালিয়া
131. উদ্ভিদ নামকরণের নিয়মাবলী তৈরিকারী সংগঠনটি হল—
 [A] ICZN [B] IUCN
 [C] ICBN [D] কোনোটিই নয়
132. অ্যাগারিকাস নিম্নলিখিত কোন জীবরাজ্যে অবস্থান করে?
 [A] প্ল্যান্টি [B] ফানজি
 [C] প্রোটিস্টা [D] মোনেরা
133. কোশপ্রাচীর কাইটিন নির্মিত এবং মৃতজীবী বা পরজীবী বা মিথোজীবী প্রকৃতির এমন একটি জীব হল—
 [A] প্লাজমোডিয়াম [B] স্ট্রিট
 [C] ই. কোলাই [D] অ্যামিবা
134. 'উদ্ভিদ জগতে রত্ন' নামে পরিচিত উদ্ভিদটি হল—
 [A] রিকটসিয়া [B] ব্যাকটেরিয়া
 [C] সায়ানো ব্যাকটেরিয়া [D] ডায়াটম
135. কেবল হল—
 [A] লোহিত শৈবাল [B] দৈত্যকার বাদামী শৈবাল
 [C] নীলাভ সবুজ শৈবাল [D] জিগনেমা
136. উদ্ভিদ জগতের উভচর বলা হয়—
 [A] শৈবাল [B] মস [C] ফার্ণ [D] ব্যক্তবীজী
137. ক্লোরোফিল বিহীন সমাজ্যেদেহী উদ্ভিদ হল—
 [A] শৈবাল [B] ব্রায়োফাইট
 [C] ছত্রাক [D] টেরিডোফাইট
138. উদ্ভিদ জগতের ভ্যাসকুলার ক্রিস্টোগ্যামস বলা হয়—
 [A] টেরিডোফাইট [B] ব্রায়োফাইট
 [C] ছত্রাক [D] ব্যাকটেরিয়া
139. সংবহন কলা বিহীন একটি লিভারওয়াট হল—
 [A] ল্যামিনেরিয়া [B] পেনিসিলিয়াম
 [C] মারসিলিয়া [D] রিকসিয়া
140. অনাবৃত বীজযুক্ত উদ্ভিদের উদাহরণ হল—
 [A] লাইকোপোডিয়াম [B] মারসিলিয়া
 [C] নিটাম [D] মার্কনশিয়া
141. আবরণীসহ বীজযুক্ত উদ্ভিদের বলে—
 [A] ফাংগি [B] অ্যাঞ্জিওস্পার্ম
 [C] জিমনোস্পার্ম [D] কোনোটিই নয়
142. বিষম পৃষ্ঠ, পাতা জালিকাকার শিরাবিন্যাস যুক্ত উদ্ভিদের বলে—
 [A] দ্বিবীজ পত্রী [B] একবীজ পত্রী
 [C] কলিড [D] সোরাস
143. নোটোকর্ডযুক্ত প্রাণীদের বলা হয়—
 [A] অকর্ডাটা [B] কর্ডাটা
 [C] অমেবুদণ্ডী [D] a ও c সঠিক
144. কোয়ানোসাইট কোশ দেখা যায়—
 [A] অ্যামিবা [B] স্পঞ্জ [C] হাইড্রা [D] জেলিফিস
145. ডিপ্লোব্র্যান্ডিক প্রাণীদের মধ্যস্তরটি হল—
 [A] এক্টোডার্ম [B] এন্ডোডার্ম
 [C] মেসোডার্ম [D] মেসোগ্লিয়া
146. নিমোটোসিস্ট কোশ দেখা যায় এমন একটি প্রাণীর উদাহরণ হল—
 [A] গোলকুমি [B] হার্মিফেরা
 [C] হাইড্রা [D] স্পঞ্জ
147. ল্যাসো কোশ নিম্নলিখিত কোন প্রাণীতে দেখা যায়?
 [A] হাইড্রা [B] জেলিফিস
 [C] বেরো [D] নেপচুন কাপ
148. প্রাণী জগতে সর্বপ্রথম প্রাণীদের পর্বটি হল—
 [A] প্রোটোজুয়া [B] নিডারিয়া
 [C] পরিফেরা [D] টিনোফেরা
149. সর্বপ্রথম ত্রিস্তরযুক্ত প্রাণী দেখা যায় নিম্নলিখিত কোন পর্বে?
 [A] নিডারিয়া [B] টিনোফেরা
 [C] প্রোটোজুয়া [D] প্লাটিহেলমিন্থেস
150. ছদ্মগহ্বরযুক্ত শক্ত কিউটিকল আবরণী বেষ্টিত একলিঙ্গ কুমির উদাহরণ হল—
 [A] গোলকুমি [B] যকুৎ কুমি
 [C] উচেরেরিয়া [D] A ও C সঠিক
151. প্যারাপোডিয়া নামক গমন অঙ্গ দেখা যায়—
 [A] নেরিস [B] কেঁচো
 [C] জেঁক [D] সবগুলি সঠিক
152. নেফ্রিডিয়া নামক রেচন অঙ্গ দেখা যায়—
 [A] গোলকুমি [B] চ্যাপ্টা কুমি
 [C] কেঁচো [D] কোনোটিই নয়
153. প্রাণী জগতে সর্বপ্রথম বৃক্ষ প্রকৃতির রক্ত সংবহন তন্ত্র দেখা যায়—
 [A] হাইড্রা [B] কেঁচো [C] আরশোলা [D] স্পঞ্জ

154. মুক্ত সংবহন তন্ত্রে রক্ত যে দেহগহ্বরে মুক্ত হয়, তার নাম হল—
 [A] হিমোসিল [B] হিমোলিম্ফ
 [C] গ্যাসট্রোভাসকুলার গহ্বর [D] সিলোম
155. মাংসলপদ নিম্নলিখিত কোন প্রাণীর গমন অঙ্গ?
 [A] জল শামুক [B] স্থল শামুক
 [C] ঝিনুক [D] সবগুলি
156. সমুদ্রশসা কোন পর্বভূক প্রাণীর উদাহরণ?
 [A] মোলাস্কা [B] আস্ট্রোপোডা
 [C] কর্ডাটা [D] ইকাইনোডার্মাটা
157. সন্ধিপদ প্রাণীদের পদগুলির মোট খণ্ডক সংখ্যা হল—
 [A] 3 টি [B] 4 টি [C] 5 টি [D] 6 টি
158. শিরবক্ষ ও উদরে বিভক্ত এমন একটি সন্ধিপদ প্রাণী হল—
 [A] মাকড়শা [B] আরশোলা
 [C] মৌমাছি [D] পিপড়ে
159. নিম্নলিখিত কোন প্রাণীটি নালীপদের সাহায্যে গমন সম্পন্ন করে?
 [A] অ্যাস্টেরিয়াস [B] অক্টোপাস
 [C] ব্যালানোগ্লসাস [D] হাইড্রা
160. ব্যালানোগ্লসাস হল—
 [A] হেমিকর্ডাটা [B] ইউরোকর্ডাটা
 [C] সেফালোকর্ডাটা [D] কোনোটাই নয়
161. পৃষ্ঠদেশীয় ফাঁপা স্নায়ু রজ্জু পাওয়া যায় নিম্নের কোন পর্বের প্রাণীদের?
 [A] কর্ডাটা [B] ইকাইনোডার্মাটা
 [C] অর্থোপোডা [D] মোলাস্কা
162. টেস্ট যুক্ত অ্যাসেডিয়া হল—
 [A] হেমিকর্ডাটা [B] ভার্টিব্রেটা
 [C] সেফালোকর্ডাটা [D] ইউরোকর্ডাটা
163. ইউরোকর্ডাটা উপপর্বের অপর নাম হল—
 [A] টিউনিকেটা [B] ব্রায়োজোয়া
 [C] সাইক্লোস্টোমাটা [D] অকর্ডাটা
164. ওরালহুড ও মায়োটোম পেশীযুক্ত একটি কর্ডাটা হল—
 [A] অ্যাম্ফিঅক্সাস [B] অ্যাসেডিয়া
 [C] ডলিওলাম [D] স্যাকোগ্লসাস
165. চোয়াল ও আঁশবিহীন এবং অন্তঃকক্ষকাল তরুনাস্থিযুক্ত এমন একটি প্রাণী হল—
 [A] হাঙ্গর [B] অ্যাসেডিয়া
 [C] ল্যামপ্রে [D] শংকর মাছ
166. হ্যাগফিশ কোন শ্রেণির অন্তর্গত প্রাণী?
 [A] কন্ড্রিকথিস [B] অস্টিকথিস
 [C] সাইক্লোস্টোমাটা [D] কোনোটাই নয়
167. গলবিলীয় ফুলকা ছিদ্রযুক্ত একটি মাছ হল—
 [A] হ্যাগফিশ [B] লাং ফিশ
 [C] সিলভার ফিশ [D] ইলেকট্রিক মাছ
168. প্লাকয়েড আঁশযুক্ত পটকা বিহীন একটি মাছ হল—
 [A] বুই [B] হ্যাগফিশ [C] হাঙ্গর [D] ল্যামপ্রে
169. পটকাযুক্ত সাইক্লয়েড আঁশযুক্ত মাছটি হল—
 [A] সিঞ্জি [B] বুই [C] মাগুর [D] কই
170. নখরবিহীন আজুল দেখা যায়—
 [A] স্তন্যপায়ী [B] উভচর [C] পক্ষী [D] সরীসৃপ
171. সমগ্র দেহ এপিডারমাল আঁশযুক্ত প্রাণীর উদাহরণ হল—
 [A] পায়রা [B] গিরগিটি [C] বুই মাছ [D] হাঁস
172. অবসারণী ছিদ্র আড়াআড়ি অবস্থান করে এবং শীতল রক্ত বিশিষ্ট প্রাণীদের শ্রেণি হল—
 [A] উভচর [B] মৎস্য [C] সরীসৃপ [D] পক্ষী
173. নিম্নলিখিত কোন প্রাণীর হৃৎপিণ্ডে ফোরামেন অব প্যানিজা দেখা যায়?
 [A] কুমির [B] কেউটে সাপ
 [C] কুনোব্যাঙ্গা [D] গিরগিটি
174. পক্ষী শ্রেণির একটি বিশেষ বৈশিষ্ট্য হল—
 [A] শীতল রক্ত বিশিষ্ট [B] শীত ঘুমে যায়
 [C] দাঁত বিহীন চোয়াল [D] সবগুলিই সঠিক
175. ঘর্মগ্রন্থি, সিবেসিয়াস ও স্তন গ্রন্থিযুক্ত প্রাণীটি হল—
 [A] মানুষ [B] সোনাব্যাঙ্গা [C] পায়রা [D] কুমির
176. স্তন্যপায়ী শ্রেণির প্রাণীদের বিশেষ বৈশিষ্ট্যটি হল—
 [A] শীতল রক্তের প্রাণী [B] উষ্ম রক্তের প্রাণী
 [C] চোখে পেকটিন আছে [D] A ও C সঠিক
177. কোন প্রাণীর পুরুষদের প্রেগন্যান্ট মেল বলা হয়?
 [A] সমুদ্রশসা [B] সমুদ্রঘোড়া
 [C] সমুদ্রলিলি [D] সমুদ্রশশক
178. যে সমস্ত প্রাণীদের দেহের তাপমাত্রা পরিবেশের তাপমাত্রা পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয় তাদের বলে—
 [A] পয়কিলোথার্ম [B] এন্ডোথার্ম
 [C] এক্সোথার্ম [D] হোমিওথার্ম
179. অরনিথোলজিতে আলোচনা করা হয়—
 [A] স্তন্যপায়ী [B] বাদুড় [C] মৎস্য [D] পক্ষী
180. নারিকেলের ভোজ্য অংশটি হল—
 [A] ফলত্বক [B] শস্য [C] বীজপত্র [D] ভূণ
181. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি প্রাণীজগৎ পর্বের সাম্প্রতিকতম আবিষ্কার—
 [A] প্রোগোনোফোরা [B] কাইনোরিঞ্জা
 [C] লরিসিফেরা [D] টিনোফোরা
182. একটি স্তন্যপায়ী যে ডিম পাড়ে—
 [A] টালপা [B] একিডনা [C] টেরোপাস [D] লেমুর
183. গ্রাব হল এর লার্ভা—
 [A] ইনসেক্ট [B] ক্রাসটেশিয়া
 [C] বিটল [D] স্পঞ্জ

184. একটি নাসারস্বযুক্ত প্রাণী হল
[A] তিমি [B] কচ্ছপ [C] পাইথন [D] হাঙর
185. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি মারসুপিয়ালের উদাহরণ—
[A] তিমি [B] বাদুড় [C] ছুঁচো [D] ক্যাঙ্গারু
186. উপাঙ্গবিহীন উভচর প্রাণী নিম্নলিখিত কোন বর্গ (order) তু?
[A] ইউরোডেলা [B] অ্যানুরা
[C] জিমনোফিয়োনা [D] কোনটিই নয়
187. পাখী, বাদুড় থেকে পৃথক কিসের অনুপস্থিতিতে?
[A] উয় রক্ত [B] চার প্রকোষ্ঠযুক্ত হৃৎপিণ্ড
[C] শ্বাসনালী [D] ডায়াফ্রাম
188. সমুদ্রজলে যে প্রাণীগোষ্ঠীটি অনুপস্থিত—
[A] স্তন্যপায়ী [B] সরীসৃপ [C] উভচর [D] পক্ষী
189. মূল, কাণ্ড ও পাতায় বিভেদিত নয় এমন উদ্ভিদ হল—
[A] টেরিডোফাইটা [B] বাস্তুবীজী
[C] গুল্মবীজী [D] শৈবাল
190. নিম্নের কোন প্রাণীতে বহুবৃপতা লক্ষ্য করা যায়?
[A] গিরগিটি [B] মাকড়শা [C] গোরিলা [D] পিপড়ে
191. কোনটি আদ্যপ্রাণী নয়—
[A] হাইড্রা [B] ইউগ্লিনা [C] অ্যামিবা [D] প্যারামোশিয়াম
192. নিম্নের প্রাণীগুলির মধ্যে কার দেহে সর্বাপেক্ষা কম দেহখণ্ডক আছে—
[A] ফিতাকুমি [B] কেঁচো [C] চিংড়ি [D] আরশোলা
193. নিম্নলিখিত কোনটি আদ্যপ্রাণী বা প্রোটোজুয়া—
[A] পি মোজেইক [B] এন্টামিবা হিস্টোলাইটিকা
[C] ইন্ট [D] জ্যাবিওলা
194. নিম্নলিখিত কোনটি সরীসৃপ?
[A] সালামান্ডার [B] কচ্ছপ [C] নিউট [D] হাঙর
195. নিম্নের কোনটি একবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য—
[A] পাতায় জালিকার শিরাবিন্যাস দেখা যায়
[B] ফুলগুলি এয়ী পত্রমূল্যবর্ত
[C] প্রধান মূলতন্ত্র [D] বহুবর্ষীয় বৃষ্টি
196. গুল্মবীজী উদ্ভিদে কি উৎপাদনের জন্য তিনবার সংযুক্তি ঘটে—
[A] ভ্রূণ [B] শস্য [C] সাসপেনশার [D] পেরিকার্প
197. শস্য থেকে তেল পাওয়া যায়—
[A] চীনাবাদাম [B] নারিকেল [C] সরিষা [D] তিল
198. একটি মূলবিহীন উদ্ভিদের নাম—
[A] সেরাটোফাইলাম [B] ইকরনিয়া
[C] মনোচোরিয়া [D] পিস্টিয়া
199. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি স্থলজ শৈবাল—
[A] ফ্রোরেন্সা [B] টেরেনটিপোলিয়া
[C] স্পিরুলিনা [D] সারগাসাম
200. একটি ব্রায়োফাইট/মসের অঙ্গজদেহ কোন গঠনের প্রতিনিধিত্ব করে—
[A] স্পোরোফাইট [B] গ্যামেটোফাইট [C] জেরোফাইট
[D] স্পোরোফাইট অথবা গ্যামেটোফাইট

Answers

1. [A]	2. [B]	3. [B]	4. [C]	5. [A]	6. [B]	7. [B]	8. [C]	9. [D]	10. [C]
11. [C]	12. [D]	13. [C]	14. [C]	15. [D]	16. [B]	17. [C]	18. [B]	19. [A]	20. [C]
21. [C]	22. [C]	23. [C]	24. [B]	25. [A]	26. [B]	27. [B]	28. [D]	29. [A]	30. [A]
31. [B]	32. [C]	33. [A]	34. [C]	35. [C]	36. [B]	37. [A]	38. [B]	39. [A]	40. [A]
41. [B]	42. [C]	43. [B]	44. [D]	45. [B]	46. [C]	47. [B]	48. [D]	49. [A]	50. [A]
51. [B]	52. [A]	53. [B]	54. [C]	55. [C]	56. [C]	57. [C]	58. [A]	59. [A]	60. [D]
61. [A]	62. [C]	63. [B]	64. [A]	65. [D]	66. [D]	67. [A]	68. [C]	69. [A]	70. [C]
71. [A]	72. [C]	73. [C]	74. [D]	75. [B]	76. [B]	77. [C]	78. [C]	79. [B]	80. [B]
81. [C]	82. [B]	83. [A]	84. [A]	85. [A]	86. [D]	87. [D]	88. [C]	89. [C]	90. [A]
91. [D]	92. [A]	93. [D]	94. [D]	95. [A]	96. [A]	97. [A]	98. [C]	99. [A]	100. [A]
101. [C]	102. [B]	103. [A]	104. [B]	105. [D]	106. [D]	107. [C]	108. [A]	109. [A]	110. [D]
111. [A]	112. [D]	113. [C]	114. [B]	115. [D]	116. [B]	117. [A]	118. [C]	119. [C]	120. [B]
121. [D]	122. [B]	123. [A]	124. [C]	125. [D]	126. [D]	127. [B]	128. [A]	129. [A]	130. [B]
131. [C]	132. [B]	133. [B]	134. [D]	135. [B]	136. [B]	137. [C]	138. [A]	139. [D]	140. [C]
141. [B]	142. [A]	143. [B]	144. [B]	145. [D]	146. [C]	147. [C]	148. [A]	149. [D]	150. [D]
151. [A]	152. [C]	153. [B]	154. [A]	155. [D]	156. [D]	157. [D]	158. [A]	159. [A]	160. [A]
161. [A]	162. [D]	163. [A]	164. [A]	165. [C]	166. [C]	167. [D]	168. [C]	169. [B]	170. [B]
171. [B]	172. [C]	173. [A]	174. [C]	175. [A]	176. [B]	177. [B]	178. [A]	179. [D]	180. [B]
181. [C]	182. [B]	183. [C]	184. [A]	185. [D]	186. [C]	187. [D]	188. [C]	189. [D]	190. [D]
191. [A]	192. [D]	193. [B]	194. [B]	195. [B]	196. [B]	197. [B]	198. [A]	199. [B]	200. [B]